→ GM(A)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সমন্বয় ও মনিটরিং-২ শাখা
www.emrd.gov.bd

**স্মারক নম্বর:** ২৮.০০.০০০০.০০০.০৫৪.১৯.০০০১.২৬.৯৯

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
০২ জুন ২০২৬

**বিষয়: জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিপালন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৫.২৪৭, তারিখ: ১৬ মে ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জেলাপ্রশাসক ও কমিশনারদের নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি বিশেষভাবে গুরুত্ব দেওয়ার জন্য দিকনির্দেশনা প্রদান করেন।

১। প্রশাসনিক কার্যক্রমে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে;

২। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণপূর্বক প্রতিরোধমূলক ও দমনমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩। সকল উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নে আর্থিক শৃঙ্খলা বজায় রেখে গুণগত মান নিশ্চিতকল্পে কার্যকর তদারকি জোরদার করতে হবে;

৪। অপ্রয়োজনীয় প্রশাসনিক জটিলতা পরিহার করে দ্রুত, বাস্তবসম্মত ও জনস্বার্থসংশ্লিষ্ট সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;

৫। নিয়োগ, বদলি ও পদায়নে সততা, মেধা ও দক্ষতাকে একমাত্র মানদন্ড হিসেবে অনুসরণ করতে হবে;

৬। শূন্য পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করতে হবে;

৭। প্রশাসনিক কাঠামোর কার্যকারিতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় সংস্কারমূলক উদ্যোগ গ্রহন করতে হবে;

৮। প্রশাসনিক কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তা, অটোমেশন ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ করতে হবে;

৯। সেবা প্রদান ব্যবস্থাকে সময়োপযোগী, দক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিমূলক করতে ডিজিটাল রূপান্তর ত্বরান্বিত করতে হবে;

১০। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার তদারকি জোরদার করতে হবে;

১১। বাজারে মজুতদারি, কারসাজি ও কৃত্রিম সংকট সৃষ্টির বিরুদ্ধে নিয়মিত মনিটরিং, অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১২। কৃষক পর্যায়ে উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৩। কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সার, বীজ, সেচ, সংরক্ষণ ও বাজারজাতকরণ সুবিধা নিশ্চিত করতে হবে;

১৪। আইন লঙ্ঘনের ঘটনায় তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৫। জনগণের অভিযোগ দ্রুত নিষ্পত্তি ও প্রতিকার নিশ্চিত করতে হবে;

১৬। সরকারি সেবা প্রদান হয়রানিমুক্ত, বিলম্বমুক্ত ও স্বচ্ছ রাখতে কঠোর তদারকি নিশ্চিত করতে হবে;



১৭। মাদক নিয়ন্ত্রণে নিয়মিত অভিযান ও প্রতিরোধমূলক কার্যক্রম জোরদার করতে হবে;

১৮। বাল্যবিবাহ প্রতিরোধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে;

১৯। নারী ও শিশুনির্যাতন প্রতিরোধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করতে হবে;

২০। সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও কমিউনিটির মধ্যে সমন্বয় জোরদার করতে হবে;

২১। দেশীয় ও বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টিমূলক সরকারি উদ্যোগসমূহ কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে;

২২। তরুণদের দক্ষতা উন্নয়ন, প্রযুক্তিনির্ভর প্রশিক্ষণ এবং উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম জোরদার করতে হবে;

২৩। খেলাধুলা, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় পর্যায়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে;

২৪। জনকল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে সমন্বয় জোরদার করতে হবে।

২। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনাসমূহ যথাযথ গুরুত্বের সাথে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।

০২-০৬-২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন।
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
৬। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
৭। সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
৮। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, বিস্ফোরক পরিদপ্তর।

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০০০.০৫৪.১৯.০০০১.২৬.৯৯/১ (৯)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
০২ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।



২। অতিরিক্ত সচিব, সমন্বয় ও মনিটরিং অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। অতিরিক্ত সচিব, কোম্পানি এ্যাফেয়ার্স অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৪। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৫। যুগ্মসচিব, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৬। যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

০২-০৬-২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)
বিধি ও শৃঙ্খলা শাখা

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন

www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০০০.০১১.৩৭.০০৬২.২৬.১৮১

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৪ জুন ২০২৬

**বিষয়: জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিপালন।**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তিসমূহঃ**

(১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।

(২) 28_00_0000_000_054_19_0001_26_99-2026-06-02-1780390804

১৪-০৬-২০২৬
মোঃ জাভেদ ইবনে শাহেদ
মহাব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮০২৫৫০১৩৬৮৯
ইমেইল : gm-admin@petrobangla.org.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন), প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

২। পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৩। পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৪। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৫। পরিচালক (পিএসসি), পিএসসি পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৬। সচিব (চলতি দায়িত্ব), সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৭। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।

৮। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।

৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।

১০। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।

১১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এঁর দপ্তর, [illegible]

... (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।

১২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।

১৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।

১৫। ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।

১৬। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।

১৮। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)।

১৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।

২০। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), স্ট্রাটেজিক প্লানিং এন্ড রিসোর্সেস মবিলাইজেশন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।



বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী
লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
পার্সোনেল শাখা
www.bgfcl.gov.bd

তারিখ: ৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.০৩৩.০১.০০০০.২৬.২১৩

বিষয়: **জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিবেদন।**

পেট্রোবাংলার স্মারক নম্বর ২৮.০২.০০০০.০০০.০১১.৩৭.০০৬২.২৬.১৮১ তারিখ ১৪.০৬.২০২৬ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নম্বর ২৮.০০.০০০০.০০০.০৫৪.১৯.০০০১.২৬.৯৯ তারিখ ০২.০৬.২০২৬ এর মাধ্যমে প্রেরিত জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণ, অনুসরণ, প্রতিপালন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো।

০২। বিষয়টি অধিনস্ত কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২১-০৬-২০২৬
প্রকৌ. মোঃ আশরাফুল আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.০৩৩.০১.০০০০.২৬.২১৩/১ (৫)

তারিখ: ৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬

অনুলিপি:

১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, বিজিএফসিএল।
৪। ব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
৫। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

২১-০৬-২০২৬
মোঃ সাইফুল ইসলাম
উপমহাব্যবস্থাপক (প্রশাসন)